মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পনি/এসএসসি/২০২৭/১১৯৪

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর ২০২৬ খ্রি.

২০২৭ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৭ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার **Online** এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো:

১। **Online এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন:** শিক্ষার্থীদের তথ্যসম্বলিত সম্ভাব্য তালিকা সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.sylheteducationboard.gov.bd) এ ১৫/১১/২০২৬ খ্রি. তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১৬/১১/২০২৬ থেকে ২৩/১১/২০২৬ খ্রি. এর মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ **(eFF)** সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে OEMS/eFF এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে Probable list এ যেতে হবে এবং **Print** করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ড কপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালোভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/Unselect** করা যাবে।

(ঘ) এরপর **Pay Slip Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) **Pay Slip** উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, **Pay Slip Print** করলে আর কোনো অবস্থাতেই **Select/Unselect** করা যাবে না।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেওয়ার ২৪ ঘন্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে।

(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(জ) বিলম্ব ফি সহ ২৪/১১/২০২৬ হতে ২৯/১১/২০২৬ খ্রি. পর্যন্ত **Online-** এ ফরম পূরণ **(eFF)** করা যাবে।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ: বিলম্ব ফি ছাড়া ২৪/১১/২০২৬ এবং বিলম্ব ফিসহ ৩০/১১/২০২৬ খ্রি. পর্যন্ত।

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
(ক)	রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে ২০২৫ সালে অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহনের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে। **আবেদনের শেষ তারিখ:**	১৪/১১/২০২৬
(খ)	নির্বাচনী (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফলাফল প্রকাশের শেষ তারিখ:	১৫/১১/২০২৬
(গ)	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরমপূরণ	১৬/১১/২০২৬ হতে ২৩/১১/২০২৬
(ঘ)	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ:	২৪/১১/২০২৬
(ঙ)	বিলম্ব ফি ছাড়া Finalization	২৫/১১/২০২৬
(ঙ)	বিলম্ব ফি সহ অনলাইনে ফরম পূরণ	২৭/১১/২০২৬ হতে ২৯/১১/২০২৬
(চ)	পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ:	৩০/১১/২০২৬
(জ)	বিলম্ব ফি সহ Finalization Date	০১/১২/২০২৬

CamScanner

পরীক্ষার মাধ্যম:

৪। বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিচের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ১৫/১১/২০২৬ খ্রি. এর মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

ছক

শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা	শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা	শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা

৫। (ক) ফি এর হার (বোর্ডে জমা দিতে হবে):

পরীক্ষার্থীর ধরন	পরীক্ষার ফি (পত্র প্রতি)	ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি)	মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি)	অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি)	অনুমতি ও তালিকাভুক্তি ফি (পরীক্ষার্থী প্রতি)	স্কাউট/গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি)	বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি)	রেড ক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী	বিএনসিসি ফি (প্রতি পরীক্ষার্থী)	অনলাইন ফি (পরীক্ষার্থী প্রতি)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
নিয়মিত পরীক্ষার্থী	১২৫.০০	৩০.০০	৮০.০০	১৫০.০০	x	x	৪০.০০	৫.০০		২০.০০	৫.০০	১০.০০
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি	১২৫.০০	৩০.০০	৮০.০০	১৫০.০০	১০০.০০	x	৪০.০০	৫.০০		২০.০০	৫.০০	১০.০০
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে	১২৫.০০	৩০.০০	৮০.০০	x	১০০.০০	x	৪০.০০	৫.০০	৩০০.০০	২০.০০	৫.০০	১০.০০
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	১২৫.০০	৩০.০০	৮০.০০	১৫০.০০	x	১০০.০০	৪০.০০	৫.০০		২০.০০	৫.০০	১০.০০

বি.দ্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০১.২৪.২১৫ তারিখঃ ১৬/১০/২০২৪ মোতাবেক স্কাউটস ও গার্ল গাইডস ফি আদায় করা হবে।

(গ) কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে):

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা।

(২) ০১(এক) থেকে ০৪(চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে পরীক্ষার্থী প্রতি ৪৫০.০০(চারশত পঞ্চাশ) টাকা।

(৩) (ক) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিঃ পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০.০০(দশ) টাকা। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা এবং বহিঃপরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।

(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যাবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫/- টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ৭/-(সাত) টাকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০/-(দশ) টাকা এবং প্রতিষ্ঠান ৮/-(আট) টাকা হবে।

(গ) কেন্দ্র ফি (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের বরাবর জমা দিতে হবে)

কেন্দ্র ফি (ব্যবহারিক ফি সহ)

বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা বিভাগ	মানবিক বিভাগ
৫১৫/-	৪৮৫/-	৪৮৫/-

(ঘ) বিলম্ব ফি: পরীক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা।

(ঙ) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোনো পরীক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশনচার্জ নেওয়া যাবে না।

(চ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত ফি কোনোভাবেই আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

(ছ) কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য বয় নির্বাহ করতে হবে।

৬. <u>নিয়মিত পরীক্ষার্থী:</u>

২০২৫-২০২৬ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৭. <u>অনিয়মিত পরীক্ষার্থী:</u>

(ক) ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২৫ এবং ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪(চার) বিষয়ে অকৃতকার্য রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৭ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০২৬ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৭ সালের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

CamScanner

(ঘ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ:

২০২২-২০২৩ সালের রেজিঃধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবল এক বছরের জন্য নবায়ন করে ২০২৭ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া:

'ঘ' এ উল্লিখিত রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নোক্ত ছক মোতাবেক আবেদনসহ মূল রেজিস্ট্রেশন কার্ড বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে জমা দিয়ে নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

ছক:

পূর্ববর্তী পরীক্ষার সাল ও রোল নম্বর	পরীক্ষার্থী এবং পিতা ও মাতার নাম	রেজিস্ট্রেশন নম্বর ও শিক্ষাবর্ষ	যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজি:কৃত তার নাম	অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর

উপরের খ থেকে ঘ এ বর্ণিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২৭ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি, পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপি এর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

৮. জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী:

কেবল ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ- ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ২০২৭ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে এবং তাদেরকে সকল বিষয়ে পূর্ণাঙ্গ (২০২৬ সাল) সিলেবাসের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২৭ সালের পরীক্ষায় প্রাপ্ত ফলাফলে জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি প্রিন্ট কপির সাথে জমা দিতে হবে।

৯. বহিষ্কৃত পরীক্ষার্থী:

বহিষ্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৭ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে, এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০. চতুর্থ বিষয়ের সুবিধা:

২০২৩-২০২৪ ও ২০২৪- ২০২৫ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০২৫ ও ২০২৬ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৭ সালে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা যারা ২০২৫ ও ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২৭ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১১। পাঠ্যসূচি:

(ক) অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীরা ২০২৫ ও ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) নিয়মিত পরীক্ষার্থীরা ২০২৭ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(গ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে এবং ব্যবহারিক ও ধারাবাহিক মূল্যায়নের হাতে লেখা মূল নম্বর ফর্দ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

CamScanner

১২। **প্রতিবন্ধী পরীক্ষার্থী সংক্রান্ত:**

শিক্ষাবোর্ডের অনুমতিক্রমে কোনো দৃষ্টি প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতিলেখক) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে তার ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে শ্রুতিলেখক ৮ম শ্রেণিতে অধ্যয়নরত হতে হবে। এ ধরনের পরীক্ষার্থীরা প্রতি ঘন্টা পরীক্ষার জন্য অতিরিক্ত ১৫ মিনিট সময় পাবে। তবে অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি শিক্ষার্থী অন্যান্য শিক্ষার্থীদের তুলনায় অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবে। পরীক্ষার্থীকে অবশ্যই বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ব্যাপারে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সিভিল সার্জন/বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত সনদ/সমাজ সেবা অধিদপ্তর এর পরিচয়পত্র (সুবর্ণ নাগরিক কার্ড) আবেদনকারী ও স্ক্রাইব (শ্রুতিলেখক) উভয়ের পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি সত্যায়িত ছবি এবং শ্রুতিলেখক অভিভাবকের সম্মতিপত্র ও প্রধান শিক্ষক কর্তৃক ৮ম শ্রেণিতে অধ্যয়নের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। এ জাতীয় পরীক্ষার্থীদের তালিকা **১০ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডের ৫ম তলায় ৫০৭ নম্বর কক্ষে** জমা দিতে হবে।

১২। **নির্বাচনী পরীক্ষা:**

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী এবং যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৪.১১.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৩৪৩৫

04/11/2026

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৬। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৭। প্রতিষ্ঠান প্রধান, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক/উচ্চমাধ্যমিক (স্কুল এন্ড কলেজ) পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
৮। সিষ্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
৯। জেলা শিক্ষা অফিসার, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
১০। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৩। অফিস কপি।

০৪/১১/২০২৬

(শরীফ আহাম্মেদ)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

CamScanner